

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
(জনস্বাস্থ্য-১ অধিশাখা)
www.hsd.gov.bd

নং-৪৫.১৭০.০০১.০০.০০৮.২০২০/২০২

তারিখঃ ২৩.০৭.২০২০ খ্রি:


প্রজ্ঞাপন

কোভিড-১৯ প্রতিরোধ ও আক্রান্ত রোগীদের সরকারি ও বেসরকারি হাসপাতালে চিকিৎসা সেবা প্রদান নিশ্চিতকরণে স্বাস্থ্য সেবা বিভাগ হতে এ পর্যন্ত জারিকৃত পরিপত্র, প্রজ্ঞাপন, আদেশ, নির্দেশনা ও যে সকল কমিটি গঠন করা হয়েছে, তাদের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি তদারকি করার জন্য নিম্নরূপ একটি টাঙ্ক ফোর্স কমিটি নির্দেশক্রমে গঠন করা হলো:

ক) অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।	আহ্বায়ক
খ) যুগ্মসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।	সদস্য
গ) যুগ্মসচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।	সদস্য
ঘ) যুগ্মসচিব(প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পঞ্জী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।	সদস্য
ঙ) যুগ্মসচিব(প্রশাসন), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।	সদস্য
চ) যুগ্মসচিব (প্রশাসন), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।	সদস্য
ছ) পরিচালক, রোগ নিয়ন্ত্রণ শাখা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা।	সদস্য
জ) পরিচালক, আইইডিসিআর, মহাখালী, ঢাকা।	সদস্য
বা) উপসচিব (জনস্বাস্থ্য-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।	সদস্য-সচিব

টাঙ্ক ফোর্স কমিটির কার্যপরিধি :

- ১। স্বাস্থ্য সেবা বিভাগ হতে জারিকৃত পরিপত্র, প্রজ্ঞাপন, আদেশ, নির্দেশনা ও যে সকল কমিটি গঠন করা হয়েছে, তাদের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি তদারকি করা।
- ২। তাৎক্ষনিকভাবে কোভিড-১৯ সংক্রান্ত প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত অভিযোগ ও তথ্য পর্যালোচনা করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা।
- ৩। বিভিন্ন কমিটির গৃহিত সিদ্ধান্তের সময়সূচী করা।
- ৪। কমিটি কমপক্ষে প্রতি ২ মাসে ১ বার সভা করবে।
- ৫। যে সকল হাসপাতাল ও ল্যাবে কোভিড-১৯ পরীক্ষা করা হয়, তাদের লাইসেন্স এর যথার্থতা পরীক্ষা করবে।
- ৬। কোভিড-১৯ এর পরীক্ষার জন্য সরকার নির্ধারিত ফি যথাযথভাবে আদায় করা হচ্ছে কিনা মনিটর করা।
- ৭। যে সকল হাসপাতাল ও ল্যাবে কোভিড-১৯ পরীক্ষা করা হয় সেখানে পর্যাপ্ত জনবল ও পরীক্ষার যথাযথ ফেসিলিটিস আছে কিনা তা যাচাই করা।
- ৮। টাঙ্ক ফোর্স কমিটি ৫০ শয়ার উপরের হাসপাতাল গুলোতে কাজ করবে।
- ৯। কমিটি কমপক্ষে প্রতি ০২(দুই) মাসে ০১(এক) বার সভা করবে।


২৩.০৭.২০২০

(ডঃ মোঃ শিরিন আহমেদ ওসমানী)
উপসচিব
ফোন-৯৫১১০৭২।
hsdph1@gmail.com